

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

web: gafargaon.mymensingh.gov.bd

স্মারক নং: উ/প/বি/নি/নিয়োগ/০১/৩৫/২০২৪

তারিখ: ০৫.০৩.২০২৪ খ্রি:।


নিয়োগ বিজ্ঞপ্তি

ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা প্রশাসন কর্তৃক পরিচালিত উপজেলা পরিষদ বিদ্যানিকেতন, গফরগাঁও, ময়মনসিংহ এর জন্য নিম্নোক্ত পদে নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক যোগ্য প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্র.নং	পদবি	পদ সংখ্যা	মাসিক সম্মানী	যোগ্যতা
০১	অধ্যক্ষ	০১ জন	আলোচনা সাপেক্ষে	(ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অনার্সসহ মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। (খ) কোনো তৃতীয় বিভাগ বা (সিজিপিএ ২.০০ এর কম) গ্রহণযোগ্য নয়। ইংরেজি ও গণিত বিষয়ে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। (গ) বয়স ৩০-৫৫ এর মধ্যে হতে হবে। (তবে অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।)
০২	সহকারী শিক্ষক	০২ জন	আলোচনা সাপেক্ষে	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ {৪ স্কেলে ন্যূনতম ২.২৫ এবং ৫ স্কেলে ২.৮} স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিধারী। নিবন্ধনধারী ও ইংরেজি এবং গণিত বিষয়ে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়স ২০-৪৫ এর মধ্যে হতে হবে। (তবে অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।)
০৩	দপ্তরী কাম প্রহরী	০১ জন	আলোচনা সাপেক্ষে	প্রার্থীর সর্বনিম্ন শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণি পাশ হতে হবে। বয়স ১৮-৩০ এর মধ্যে হতে হবে। (তবে অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।)

শর্তাবলী:

- ০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ০২। স্ব-হস্তে আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা উল্লেখপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ বরাবর আগামী ০৬ মার্চ ২০২৪ খ্রি. তারিখ হতে ২০ মার্চ ২০২৪ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি দরখাস্ত পৌছাতে হবে।
- ০৩। আবেদনপত্রে নিম্নলিখিত কাগজপত্রসমূহ সংযুক্ত করতে হবে:
 - (ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক সত্যায়িত।
 - (খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রের মূল কপি।
 - (গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।
 - (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।অসম্পূর্ণ, ক্রটিজনিত এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ০৪। বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীদের মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে।
- ০৫। আবেদনকারীকে আবেদনপত্রের সাথে =৩০০/- টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ বরাবরে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ০৬। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- ০৭। কোন প্রকার তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে বিষয়টি প্রমাণিত হলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ০৮। যে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- ০৯। অত্র প্রতিষ্ঠানে দায়িত্বরত কোনো শিক্ষক/শিক্ষিকা আবেদন করতে পারবে না।
- ১০। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোহাম্মদ শফিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা পরিষদ বিদ্যানিকেতন
গফরগাঁও, ময়মনসিংহ।